

## বরিশাল বিশ্ববিদ্যালয়ের ট্রেজারারের নিয়োগ বাতিলের দাবিতে মানববন্ধন

### ■ বরিশাল অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়ের নবনিযুক্ত ট্রেজারার কর্নেল (অব.) আবুহেনা মোস্তফা কামাল খানের নিয়োগ বাতিলের দাবিতে মানববন্ধন করেছে বরিশাল বিশ্ববিদ্যালয়ের শিক্ষকবৃন্দ। মঙ্গলবার দুপুরে বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের সামনে এ কর্মসূচি অনুষ্ঠিত হয়। এতে বিভিন্ন বিভাগের শিক্ষকরা অংশগ্রহণ করেন।

মানববন্ধনে শিক্ষকরা বলেন, বিতর্কিত, দুর্নীতিগ্রস্ত ও বিশ্ববিদ্যালয় ধারণার সঙ্গে অসঙ্গতিপূর্ণ পেশাজীবী আবুহেনা মোস্তফা কামাল খানকে দ্রুত সময়ের মধ্যে অপসারণ করতে হবে। নিয়োগকৃত ট্রেজারার বিশ্ববিদ্যালয়ে অংশগ্রহণ করলে বিশ্ববিদ্যালয়ের চলমান কার্যক্রম ব্যাহত হবে। একই সঙ্গে বিশ্ববিদ্যালয়ের সঙ্গে সঙ্গতিপূর্ণ রেখে একজন ট্রেজারার নিয়োগের দাবি করেন শিক্ষকরা। খুবই অনাকাঙ্ক্ষিত ঘটনা যে নিযুক্ত ট্রেজারার গভীর রাতে বিশ্ববিদ্যালয়ে যোগদান করেছেন। আমরা বিশ্ববিদ্যালয়ের প্রশাসনের কাছে এই ধরনের আচরণ প্রত্যাশা করি না। বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থীরা নবনিযুক্ত ট্রেজারারকে অব্যাহত ঘোষণা করেছে অথচ তিনি বিশ্ববিদ্যালয়ের গাড়ি ব্যবহার করছেন। আমরা চাই উপাচার্য শিক্ষক-শিক্ষার্থীদের ন্যায়সঙ্গত দাবি মেনে নেবেন।

মানববন্ধনে এ সময় উপস্থিত ছিলেন দুর্যোগ ও ব্যবস্থাপনা বিভাগের চেয়ারম্যান ডা. হাফিজ আশরাফুল, অ্যাকাউন্টিং অ্যান্ড ইনফরমেশন সিস্টেমস বিভাগের সহযোগী অধ্যাপক আব্দুল আলিম বছির, কোস্টাল স্টাডিজ অ্যান্ড ডিজাস্টার ম্যানেজমেন্ট বিভাগের সহযোগী অধ্যাপক হাফিজ আশরাফুল হক, সমাজকর্ম বিভাগের সহকারী অধ্যাপক আবু জিহাদ, মৃত্তিকা ও পরিবেশ বিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক ড. মো. জামাল উদ্দিন, সমাজবিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক সিরাজিস সাদিক, সৈয়দ আশিক-ই-ইলাহী, সমাজকর্ম বিভাগের প্রভাষক মোস্তাকিম রহমানসহ প্রমুখ।